দৈনিক ইত্তেফাক

তারিখ 05 JUL 1988
পৃষ্ঠা ... কলাম ...

004

## শিক্ষা প্রতিষ্ঠান সরকারীকরণ সাময়িকভাবে বন্ধের বিষয় বিবেচনাধীন

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেন, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সরকারীকরণ সাময়িকভাবে বন্ধ রাখার বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনায় আছে। তিনি গতকাল (সোমবার) গাজীপুরে কাজী আজিমউদ্দিন কলেজের ৭ম প্রতিষ্ঠা বার্ষিকী

(১১শ পৃঃ দ্রঃ)

### শিক্ষা প্রতিষ্ঠান

( ১ম পৃঃ পর )

উদযাপন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে এই কথা বলেন।

মন্ত্রী বলেন, শিক্ষা প্রতিষ্ঠান সরকারীকরণ সাময়িকভাবে বন্ধ রাখার ফলে যে অর্থের সাশ্রয় হইবে তাহা শিক্ষা প্রতিষ্ঠানগুলির অবকাঠামোগত উন্নয়নে ব্যয় করা হইবে। সম্পদের সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও সরকার শিক্ষার মান উন্নয়নে শিক্ষাখাতে ১১৬০ কোটি টাকা বরাদ্দ করিয়াছেন। তিনি সরকারী প্রচেষ্টার পাশাপাশি জনগণকেও এই কাজে সক্রিয় সহযোগিতার আহ্বান জানান। কারণ সরকারের একার পক্ষে শিক্ষার সামগ্রিক বিকাশ সাধন সম্ভব নহে। এইজন্য প্রয়োজন সমষ্টিগত সহযোগিতা। তথ্য বিবরণী।